দৈনিক বাংলা

তারিখ ... 04 FEB 1995
পৃষ্ঠা 1 কলাম 1

## সীট খালি না রাখার ব্যবস্থা

# উচ্চশিক্ষায় সমন্বিত ভর্তি পরীক্ষা এবছর কার্যকর হচ্ছে না

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়-গুলোতে চলতি শিক্ষা বর্ষ থেকে ভর্তি প্রক্রিয়া সমন্বিত করার যে উদ্যোগ গৃহীত হয়েছিল, সেটি আর কার্যকর করা সম্ভব হচ্ছে না। তবে ভর্তি প্রক্রিয়ার জটিলতার কারণে যাতে আসন নষ্ট না হয় সেজন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সচেষ্ট থাকবেন বলে সংশ্লিষ্ট সূত্র থেকে জানা গেছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়, বুয়েট ও মেডিক্যাল কলেজসহ বেশীরভাগ উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে অনার্স প্রথম বর্ষের ভর্তির ঘোষণা দেয়ায় এই সমন্বিত প্রক্রিয়া ভেঙ্গে গেছে বলে সূত্র জানান। তবে, আগামী শিক্ষাবর্ষ (৯৫-৯৬) থেকে সমন্বিত কোর্স কার্যকর করার জন্য যথাযথ ব্যবস্থা গৃহীত হবে।

সম্প্রতি এ সম্পর্কিত একটি বৈঠকে বিস্তারিত আলোচনা শেষে এ সিদ্ধান্তে

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## উচ্চশিক্ষায় সমন্বিত

(প্রথম পৃষ্ঠার পর)

পৌঁছানো হয়। বাংলাদেশ প্রকৌশল বিশ্ব-বিদ্যালয়ে অনুষ্ঠিত এ বেঠকে ঢাকা, জাহাঙ্গীরনগরসহ বেশ কয়েকটি বিশ্ব-বিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ উপস্থিত ছিলেন।

এর আগে গত নবেম্বর মাসে শিক্ষা মন্ত্রণালয়ের, উদ্যোগে সবক'টি বিশ্ব-বিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরদের নিয়ে ভর্তি সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। আলোচনা সভায় বলা হয় বিভিন্ন সময় বিশ্ববিদ্যালয়গুলির ভর্তি পরীক্ষা গ্রহণের ফলে, বেশীর ভাগ ছাত্রছাত্রী দুটি, তিনটি জায়গায় আবেদন করেন। এ সময় তাদের মানসিক ও আর্থিক দিক দিয়ে টেনশনে ভুগতে হয়।

ভর্তি পরীক্ষার ফল প্রকাশের পর যেসব ছাত্রছাত্রী দুটো কিংবা তিনটি জায়গায় ভর্তির সুযোগ পায় তারা নিজের পছন্দমত যে কোন একটিতে ভর্তি হয়। বাকি দুটি আসন খালি থেকে যায়। এভাবে প্রতিবছরই বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বেশ কিছু আসন নষ্ট হয় এবং ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হয় বেশ কিছু ছাত্রছাত্রী।

এসব বিষয় চিন্তা-ভাবনা করে সবক'টি বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষা একই প্রশ্নে একই সঙ্গে গ্রহণের জন্য সমন্বিত ভর্তি পরীক্ষার সিদ্ধান্ত গৃহীত হয়।

একটি সূত্র জানান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়ায় ত্রুটি থাকার দরুন প্রতিবছর বিশ ভাগ আসন নষ্ট হয়। অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়েও গত তিন বছরে ১৫৫টির মতো আসন নষ্ট হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানান, প্রাথমিকভাবে ঐ বৈঠকে ঢাকা বিশ্ব-বিদ্যালয়সহ তার আশপাশের বিশ্ব-বিদ্যালয়গুলিকে নিয়ে এই সমন্বিত ভর্তি প্রক্রিয়া গ্রহণের উদ্যোগের কথা বলা হয়।

কিন্তু সমন্বিত ভর্তি প্রক্রিয়ার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগেই প্রায় সব বিশ্ববিদ্যালয়ই তাদের প্রথমবর্ষের ভর্তির তারিখ ঘোষণা করেছে। ফলে, এ সমন্বিত ভর্তি প্রক্রিয়া এ বছর থেকে চালু না হবার আশংকা দেখা দিয়েছে।

তবে, একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবার পর ঐ শিক্ষার্থী যাতে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে কিংবা ছেড়ে যেতে না পারে সে ব্যাপারে কঠোরতা গ্রহণের বিষয়টিও বিবেচনায় আনা হবে বলে সূত্র জানান।